গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ
www.chhatak,sunamganj.gov.bd

স্মারকনং-০৫.৪৬.৯০২৩.০০০.০৫.০৪৫(২৭).২৪-৬৬(৫০) তারিখ ঃ ২৮/০১/২০২৪।

# হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০১

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ তারিখের স্মারক নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারিকৃত সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার আলোকে এবং সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সন(১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হতে উল্লিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী www.chhatak.sunamgonj.gov.bd ওয়েব সাইট ও অফিস চলাকালীন সময়ে এ দপ্তর হতে জানা যাবে।

## দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচি:

| দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর-০১.০০ ঘটিকা) | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় (দুপুর-০২.০০ ঘটিকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১৪/০২/২০২৪ খ্রি. | ১৫/০২/২০২৪ খ্রি. | ১৫/০২/২০২৪ খ্রি. | ১ম পর্যায় |
| ২৭/০২/২০২৪ খ্রি. | ২৮/০২/২০২৪ খ্রি. | ২৮/০২/২০২৪খ্রি. | ২য়পর্যায় |
| ০৫/০৩/২০২৪ খ্রি. | ০৬/০৩/২০২৪ খ্রি. | ০৬/০৩/২০২৪ খ্রি. | ৩য় পর্যায় |
| ২০/০৩/২০২৪খ্রি. | ২১/০৩/২০২৪ খ্রি. | ২১/০৩/২০২৪ খ্রি. | ৪র্থ পর্যায় |
| ২৭/০৩/২০২৪ খ্রি. | ২৮/০৩/২০২৪ খ্রি. | ২৮/০৩/২০২৪ খ্রি. | ৫মপর্যায় |
| ০৮/০৪/২০২৪ খ্রি. | ০৯/০৪/২০২৪ খ্রি. | ০৯/০৪/২০২৪ খ্রি. | ৬ষ্ঠ পর্যায় |
| ২৩/০৪/২০২৪খ্রি. | ২৪/০৪/২০২৪ খ্রি. | ২৪/০৪/২০২৪ খ্রি. | ৭ম পর্যায় |
| ১৩/০৫/২০২৪ খ্রি. | ১৪/০৫/২০২৪ খ্রি. | ১৪/০৫/২০২৪ খ্রি. | ৮ম পর্যায় |
| ২৯/০৫/২০২৪খ্রি. | ৩০/০৫/২০২৪ খ্রি. | ৩০/০৫/২০২৪ খ্রি. | ৯ম পর্যায় |
| ১১/০৬/২০২৪খ্রিঃ | ১২/০৬/২০২৪খ্রিঃ | ১২/০৬/২০২৪খ্রিঃ | ১০ম পর্যায় |
| ২৫/০৬/২০২৪খ্রিঃ | ২৬/০৬/২০২৪খ্রিঃ | ২৬/০৬/২০২৪খ্রিঃ | ১১তম পর্যায় |

## ১৪৩১ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য হাটবাজারের তালিকা :

| নং | হাট বাজারের নাম | অধিক্ষেত্র ইউনিয়নের নাম | স্থানীয় সরকার বিভাগ প্রশাসন-২ শাখার তাং-২০/০২/২০১৮খ্রি. তারিখের ৯৩নং স্মারকে ৬% বর্ধিত হারে কাঙ্খিত সরকারি ইজারা মূল্য | স্থানীয় সংবিঃ ২১/৯/২০১১ তাং স্মারক নং-.৮৭০ মূলে সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জাউয়া বাজার | জাউয়া বাজার | ১,২৬,৩২,৪৯৯/- | ২৫,৮০০/- | |
| ০২ | বড়কাপন বাজার | ঐ | - | ৫০০/- | **শান্তিগঞ্জ উপজেলাধীন** |
| ০৩ | গোবিন্দগঞ্জ নতুন বাজার | গোবিন্দগঞ্জ সৈদেরগাঁও ও ছৈলা আফজালাবাদ | ১৯,১৫,৪২০/- | ৪,৭০০/- | বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত সুনামগঞ্জের, স্বত্ব মোং নং-১৪৪/১৮ এর ২৭-১০-২০১৯খ্রিঃ তারিখের নিষেধজ্ঞার আদেশ মোতাবেক আফজলাবাদ গবাদি পশু ও কৃষি সমবায় সমিতি লিমিটেড এর ভূমি সাময়িক ভাবে টোলের আওতা বর্হিভূত। |
| ০৪ | ধারন বাজার | গোবিন্দগঞ্জ সৈদেরগাঁও | ২৩,২১৪/- | ৫০০/- | |
| ০৫ | পীরপুর বাজার | গোবিন্দগঞ্জ সৈদেরগাঁও | ১৩,৪৯৮/- | ৫০০/- | |
| ০৬ | কালারুকা বাজার | কালারুকা বাজার | ৭,৪৯১/- | ৫০০/- | |
| ০৭ | রামপুর বাজার | ঐ | ১০০০/- | ৫০০/- | |
| ০৮ | হাসনাবাদ বাজার | ঐ | ৯,৬৪৬/- | ৫০০/- | |
| ০৯ | বাউসা বাজার | ছাতক | ১,৮০২/- | ৫০০/- | |
| ১০ | ছনবাড়ি বাজার | ইসলামপুর | ১,৩১৫/- | ৫০০/- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ইসলামপুর বাজার | ঐ | ৮,৯৪১/- | ৫০০/- | |
| ১২ | চৌমুহনী বাজার | নোয়ারাই | ৮,৭৮৭/- | ৫০০/- | |
| ১৩ | লক্ষিবাউর বাজার | ঐ | ৯,০১০/- | ৫০০/- | |
| ১৪ | চানপুর বাজার | ঐ | ৪৬,৭৬৮/- | ৫০০/- | |
| ১৫ | আমেরতল বাজার | খুরমা উত্তর | ১০০০/- | ৫০০/- | |
| ১৬ | আলীগঞ্জ বাজার | ভাতগাঁও | ১৯,৭৭৪/- | ৫০০/- | |
| ১৭ | হায়দরপুর বাজার | ঐ | ৫৫৩/- | ৫০০/- | |
| ১৮ | লাকেশ্বর বাজার | ছৈলা আফজালাবাদ | ১৪,৭৩৪/- | ৫০০/- | |
| ১৯ | বাংলা বাজার | ঐ | ১০০০/- | ৫০০/- | |
| ২০ | বুরাইয়া বাজার | দোলার বাজার | ৮,০৯২/- | ৫০০/- | |
| ২১ | দোলার বাজার | ঐ | ২,৮৬,৯৪২/- | ১,২০০/- | |
| ২২ | মঙ্গঁরপুর বাজার | ঐ | ১০,৩৬২/- | ৫০০/- | |
| ২৩ | জাহিদপুর বাজার | ঐ | ৪,১৮১/- | ৫০০/- | |
| ২৪ | জিয়াপুর বাজার | সিংচাপইড় | ৯৭৮/- | ৫০০/- | |
| ২৫ | সিরাজগঞ্জ বাজার | ঐ | ৫৬,৮৮৮/- | ৫০০/- | |
| ২৬ | কামারগাওঁ বাজার | ঐ | ৪৯,০৭৮/- | ৫০০/- | |
| ২৭ | টেটিয়ারচর বাজার | চরমহল্লা | ৩৯,৪৫৩/- | ৫০০/- | |

**ঃ শর্তাবলী ঃ**

১। দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ, উপজেলা ভূমি অফিস, ছাতক, সোনালী ব্যাংক ছাতক শাখা, ছাতক থানা(পুলিশ স্টেশন) ও জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সুনামগঞ্জ হতে নগদ (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র দাখিলের আগের দিন পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) ক্রয় করা যাবে।

২। সীলমোহরকৃত খামে দরপত্র নির্ধারিত তারিখে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ, উপজেলা ভূমি অফিস, ছাতক, পুলিশ সুপারের কার্যালয়,সুনামগঞ্জ ও জেলাপ্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দেয়া যাবে এবং ঐ দিন বেলা ০২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে তিনি সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাঁত্তর ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের কাঙ্খিত সরকারি মূল্যের কম হয় তাহা হলেপুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাটের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভূক্ত হাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম,ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৭। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে কোন টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।

১০। ইজারাদার কোনভাবেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১১। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন ও সড়ক/মহাসড়কের সন্নিকটসহ জনদূর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।

১২। ইজারাদার সমুদয় ইজারামূল্যে (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১৩। ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।

১৫। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি ও লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৮। কোন হাটবাজারের উপর বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতদেশ/স্থিতাবস্থা থাকলে ঐ হাটের উপর অত্র বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

২৮.০২.২০২৫

( গোলাম মুস্তাফা মুন্না )
উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ।
মোবাইল নং-০১৭৩০-৩৩১০৮৬
e-mail: unochatak@gmail.com

স্মারকনং-০৫.৪৬.৯০২৩.০০০.০৫.০৪৫(২৭).২৪-৬৬(৫০) তারিখ ঃ ২৮/০১/২০২৪।

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচরের জন্য:**

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ- ৫।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৪। মহাপরিচালক,সিপি,টি,ইউ,আইএমইডি,পরিকরাপনা মন্ত্রনালয়,ঢাকা ।

৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ ।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,............................................(সকল), সুনামগঞ্জ।

৭। মেয়র, ছাতক পৌরসভা, ছাতক, সুনামগঞ্জ।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

৯। উপজেলা নির্বাহী অফিসার....................................................(সকল), সুনামগঞ্জ।

১০। সহকারী কমিশনার(ভূমি), ....................................................(সকল), সুনামগঞ্জ।

১১। উপজেলা .......................................... অফিসার, ছাতক, সুনামগঞ্জ ।

১২। অফিসার ইন-চার্জ, ছাতক থানা, ছাতক , সুনামগঞ্জ ।

১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ছাতক শাখা, ছাতক।

১৪। চেয়ারম্যান---------------- (সকল) ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ । তাঁকে গ্রাম পুলিশেরমাধ্যমে স্থানীয় বাজারে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ছাতকসদর/জাহিদপুর/জগঝাপ/পীরপুর ইউনিয়ন ভূমি অফিস, ছাতক। তাকে স্থানীয় বাজারে মাইক ও ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৬। সভাপতি/সম্পাদক.......................................... বাজার ব্যবস্থাপনা কমিটি, ছাতক।

১৭। সম্পাদক.........................................................................। বিজ্ঞপ্তিটি খুব সংক্ষিপ্ত পরিসরে তার ভিতরের পৃষ্ঠায় দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের ১৫(পনের) দিন পূর্বে ০১(এক) দিনের জন্য শুধুমাত্র বিজ্ঞপ্তিটির মূল অংশ প্রকাশপূর্বক প্রকাশিত সংখ্যার ০৩(তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮। অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।

28.01.2024

(গোলাম মুস্তাফা মুন্না)
উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ।
মোবাইল নং-০১৭৩০-৩৩১০৮৬